

জনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
স্থানীয় সরকার শাখা
www.bagerhat.gov.bd

স্মারক নম্বর-০৪.৪৪.০১০০.০১১.২৭.০০৭.২৪- ৪৬৭

তারিখ: ০৭ মে, ২০২৪।

বিষয়: গ্রাম পুলিশবের সরকার নির্ধারিত সময়ে পরিষদে উপস্থিত থাকার নির্দেশনা প্রদান।

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মধ্যে ইউনিয়ন পরিষদ গ্রামীণ জনগোষ্ঠীকে বিভিন্ন ধরনের সেবা প্রদান করে আসছে। গ্রাম পুলিশগণ ইউনিয়ন পরিষদের কর্মচারী। সে ক্ষেত্রে মাঠ পর্যায়ে সরকারের বিভিন্ন সেবা জনগণের কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে গ্রাম পুলিশগণ দায়বদ্ধ। ইউনিয়ন পরিষদে জনগণ বিভিন্ন ধরনের সেবা গ্রহণের জন্য আসেন। তারা সাধারণত অফিস সময়ে ইউনিয়ন পরিষদে সেবা গ্রহণ করে থাকেন। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, গ্রাম পুলিশগণ সরকার নির্ধারিত সময়ে অফিসে উপস্থিত থাকেন না এবং তাদের নির্ধারিত পোশাক পরিধান করেন না। এর ফলে প্রান্তিক জনগোষ্ঠীর কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তি বিলম্বিত হয় অধিকন্তু সেবা সহজীকরণ ও জনগণের দোরগোড়ায় তা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে সরকারের যে লক্ষ্য রয়েছে তা ব্যাহত হয়।

০২। এমতাবস্থায়, সরকার কর্তৃক নির্ধারিত কর্মদিবস এবং সময়ে গ্রাম পুলিশগণ তাদের জন্য নির্ধারিত পোশাকে ইউনিয়ন পরিষদে উপস্থিত থাকবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত বিভিন্ন দায়িত্ব যথাযথভাবে পালনে সচেষ্ট থাকবেন। এ নির্দেশনার বাস্তব্য পরিশোধিত হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

.....
দফাদার/মহাপ্রদার
.....
.....

আব্দুল হক
০৭/০৫/২৪
(হোমায়রা ইসলাম)
সিনিয়র সহকারী কমিশনার
স্থানীয় সরকার শাখা
ফোন: ০২৪৭৭৭৪২৬০৩
ই-মেইল: localgovbgt@gmail.com

জনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ০১। জেলা প্রশাসক, বাগেরহাট।
০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।
০৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, , বাগেরহাট।

200/17/18

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর- ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০১.২১-৪৪৭

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩১
১৫ মে ২০২৪

পরিপত্র

বিষয়: ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে সরকার নির্ধারিত অফিস সময়ে পরিষদে উপস্থিত থাকার নির্দেশনা প্রদান।

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মধ্যে ইউনিয়ন পরিষদ গ্রামীণ জনগোষ্ঠীর খুবই কাছাকাছি থেকে বিভিন্ন ধরনের সেবা প্রদান করে আসছে। সেবা সহজীকরণ এবং জনগণের দোরগোড়ায় তা পৌঁছে দেয়া সরকারের অন্যতম লক্ষ্য।

২। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ জন্ম-মৃত্যু নিবন্ধন, ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন, ইউনিয়ন তথা সেবা কেন্দ্রের মাধ্যমে অন্যান্য সেবা প্রদান, গ্রাম আদালত পরিচালনাসহ নানাবিধ সেবা প্রদান করে থাকেন। জনগণ সাধারণত অফিস সময়ে ইউনিয়ন পরিষদের সেবা গ্রহণ করে থাকেন। ইউনিয়ন পরিষদে প্রদেয় সেবা সহজে এবং যথাসময়ে পৌঁছে দেয়ার লক্ষ্যে চেয়ারম্যানগণকে সরকার নির্ধারিত অফিস সময়ে পরিষদে উপস্থিত থাকা প্রয়োজন। এর ফলে কম সময়ে প্রান্তিক জনগোষ্ঠীর কাক্ষিত সেবা প্রাপ্তি সহজতর হবে এবং কর্মচারীরা তাদের দায়িত্ব যথাযথভাবে পালনে অধিকতর সক্রিয় হবেন। কোন কারণে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ অফিসের বাইরে অবস্থান করলে বা অফিসে উপস্থিত থাকতে না পারলে উপজেলা নির্বাহী অফিসারকে বা প্রয়োজনে জেলা প্রশাসককে অবহিত রাখবেন।

৩। এ নির্দেশনা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

পূর্ববর্তী পোলসদার

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪

Email :lgup1@lgd.gov.bd

বিতরণ:

- ১। বিভাগীয় কমিশনার (সকল);
- ২। যুগ্মসচিব, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪। জেলা প্রশাসক (সকল);
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল);
- ৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ৮। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
- ৯। সহকারী সচিব, মনিটরিং-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ১০। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, উপজেলা, জেলা;
- ১১। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ১২। যুগ্মসচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;